

ভেন্টিলেটর খুলে স্বাভাবিকভাবে জাগিয়ে তোলার চেষ্টা করা হবে মেয়র আনিসুল হককে

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৭ আগস্ট ২০১৭, ০৯:৪৮

বিজ্ঞাপন



মেয়র আনিসুল হক



লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের সর্বশেষ অবস্থা জানিয়েছেন তার পারিবারিক বন্ধু ও নাগরিক টিভির প্রধান পরিচালন কর্মকর্তা ডা. আব্দুন নূর তুষার। তিনি ফেসবুকে এক স্ট্যাটাসে জানিয়েছেন, বৃহস্পতিবার মেয়রের ভেন্টিলেটর খুলে স্বাভাবিকভাবে জাগিয়ে তোলার চেষ্টা করা হতে পারে।

মেয়রের পরিবারের পক্ষ থেকে তার শারীরিক অবস্থা জানানোর দায়িত্ব পালন করছেন ডা. আব্দুন নূর তুষার। বৃহস্পতিবার সকালে দেওয়া ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, ‘চিকিৎসকরা আজকে (বৃহস্পতিবার) দিনের কোনো এক সময় আনিস ভাইকে ভেন্টিলেটর থেকে খুলে স্বাভাবিক ভাবে জাগিয়ে তুলতে চেষ্টা করবেন। এটি একটি জটিল প্রক্রিয়া, তাঁর শরীর ধীরে ধীরে স্বাভাবিক পর্যায়ে নিয়ে যেতে চিকিৎসকরা কাজ করবেন। চিকিৎসার অন্যান্য প্রক্রিয়া পাশাপাশি চলবে। আশা করা যায় তিনি জোরালো ভাবে ঔষধে সাড়া দেবেন। তাঁর সম্পর্কে এভাবে বলতে আমার খুব কষ্ট হয়, কিন্তু সবাইকে অবহিত করার দায়িত্ব আমাকে দেয়া হয়েছে। সবাই প্রার্থনাতে তাঁকে রাখুন।’

বিজ্ঞাপন

এদিকে লন্ডনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে কর্মরত প্রেস মিনিস্টার, সাংবাদিক নাদিম কাদির বাংলা ট্রিবিউনকে জানান, গত ২৪ ঘণ্টায় আনিসুল হকের শারীরিক অবস্থা অপরিবর্তিত রয়েছে। তার সার্বিক অবস্থা স্থিতিশীল।

গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে লন্ডন যান আনিসুল হক। সেখানে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাকে স্থানীয় একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। তিনি সেরিব্রাল ভাসকুলাইটিসে (মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ) আক্রান্ত হয়েছেন।

মেয়রের পারিবারিক সূত্র জানায়, তিনি আগে থেকেই কিছুটা অসুস্থ ছিলেন। দেশে চিকিৎসকরা তার সমস্যাটা ঠিক ধরতে পারেননি। গত ১৪ তারিখ তার দেশে ফেরার কথা ছিল।

/এফএস/

আরও পড়ুন- মেয়র আনিসুল হকের অবস্থার উন্নতি হয়নি

বিজ্ঞাপন

×

